# ২০২৪
# বাংলা
## (সাম্মানিক)
## (সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)
## ষষ্ঠ সেমেস্টার
## কোর্স কোড : BENG-H-CC-T-13
## (পরিবেশ ভাবনা ও বাংলা সাহিত্য)

পূর্ণমান : ৬০ সময় : ২.৩০ ঘন্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) কবি জীবনানন্দ দাশের রূপসী বাংলা কাব্যগ্রন্থটির রচনাকাল ও প্রকাশকাল লেখো।

খ) "মন্ত্র লাগে তারাময় ভোরে"— কোন্ কবির কোন্ কবিতার অংশ?

গ) 'আগামী' কবিতায় কবি সুকান্ত ভট্টাচার্য চারাগাছকে কী কী বলে পরিচয় করিয়েছিলেন?

ঘ) 'এখন একটা কোন প্রতিনিধি বৃক্ষ চাই'— কবি কেন এই প্রতিনিধি বৃক্ষকে চেয়েছিলেন?

ঙ) 'প্রকৃতি পাঠ' উপন্যাসে সুধাপ্রসন্নের অবসর বিনোদন কী ছিল?

চ) 'শুনছো, এ বাড়িতে থাকা চলবে না।'— কোন্ গল্পে কে বলেছে এই কথা?

(পরের পাতায়)

ছ) 'নিজের ভিতর যখন আলো জাগে'— এই আলো আসলে কী?

জ) 'অকাজের বৌটির ক'জন ছেলেমেয়ে ছিল?

ঝ) ব্যাঙটাকে দেখে ফ্রক ভেজা মেয়েটা মাকে কী বলেছিল?

ঞ) 'হঠাৎ দেখলে বুঝিবা চাঁদের বিভ্রম'— কী দেখে এই বিভ্রমের সৃষ্টি হয়?

ট) উত্তর ভারতের এই অংশে একসময় কী ছিল বলে রবীন্দ্রনাথ তাঁর প্রবন্ধে উল্লেখ করেছেন?

ঠ) রবীন্দ্রনাথ প্রাচীন ভারতের তিনটি কোন কোন বড় বড় অরণ্যের নাম করেছেন তাঁর 'হলকর্ষণ' প্রবন্ধে?

ড) কৃষিযুগের পর সম্প্রতি কোন বিদ্যার আবির্ভাব ঘটেছে বলে রবীন্দ্রনাথ মনে করেন?

ঢ) আরণ্যক ঋষিরা গাছে গাছে চির যুগের কোন প্রশ্নটি পেয়েছিলেন?

ণ) রবীন্দ্রনাথ তাঁর 'বনবাণী'র ভূমিকায় নাগকেশরের ফুলে ফুলে কী দেখতে চেয়েছিলেন?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) 'তাই আজ সবারে সে পায়'— সে বলতে কাকে বোঝানো হয়েছে? সে কীভাবে সবাইকে পায়?

খ) 'হানো যদি কঠিন কুঠারে' তাহলেও চারা গাছ কী কী ভাবে মানুষকে সেবা দান করবে বলে জানিয়েছে?

গ) 'গাছ দেখল পুব দিক থেকে সে আসছে'— কে পুব দিক থেকে আসছিল? তাকে দেখে গাছের কী অনুভূতি হয়েছিল?



ঘ) 'আরতি রাজি হয়ে গেল'— কী বিষয়ে কেন আরতি রাজি হয়েছিল?

ঙ) 'প্রকৃতি পাঠ' উপন্যাসে সতীপ্রসন্ন ছয় বছর আগে মেট্রো সিনেমায় কী সিনেমা দেখেছিলেন এবং সেই সিনেমা দেখতে কেন গিয়েছিলেন বলে এখন সে কথা তিনি মনে করেছেন?

চ) 'আজকের উৎসবের তাই দুটি অঙ্গ।'— এই দুটি অঙ্গ কী কী বলে রবীন্দ্রনাথ জানিয়েছেন?

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) 'ছায়ার জন্য' কবিতায় কবি সুনীল গঙ্গোপাধ্যায় 'এই হত্যাকারী হাতে শেষবার প্রণাম জানাই'।— ছত্রটি কবিতাটি অবলম্বনে কবির এমন কথা উচ্চারণের কারণ ব্যাখ্যা করো।

খ) 'গাছ' গল্পটি ছোটগল্প হিসেবে বিষয়বস্তুর সঙ্গে সাযুজ্য রেখে কতখানি শিল্পসার্থক হয়েছে তা আলোচনা করো।

গ) 'প্রকৃতি পাঠ' উপন্যাসে সতীপ্রসন্ন একজন পরিবেশ কর্মী হিসেবে এই উপন্যাসে যেভাবে নির্মিত হয়েছেন তা দেখাও।

ঘ) 'অপব্যয়ী সন্তান কর্তৃক লুণ্ঠিত মাতৃভাণ্ডার পূরণ করবার কল্যাণ উৎসব'— এই উৎসব সম্পন্ন করবার প্রেক্ষাপট ও উদ্যোগ সম্পর্কে রবীন্দ্র ভাবনা নিজের ভাষায় লেখো।

———